



জকসু নির্বাচন স্থগিত

মঙ্গলবার, ৩০ ডিসেম্বর ২০২৫
প্রতিনিধি, জগন্নাথ বিশ্ববিদ্যালয়

বিএনপি চেয়ারপারসন ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা বেগম খালেদা জিয়ার মৃত্যুতে জগন্নাথ বিশ্ববিদ্যালয় কেন্দ্রীয় শিক্ষার্থী সংসদ (জকসু) ও হল সংসদ নির্বাচন স্থগিত করা হয়েছে।

মঙ্গলবার সকালে বিশ্ববিদ্যালয়ের জরুরি সিন্ডিকেট সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। সভা শেষে উপাচার্য অধ্যাপক রেজাউল করিম বিষয়টি নিশ্চিত করেন। সকাল সাড়ে ৮টায় শুরু হওয়া জরুরি সিন্ডিকেট সভা শেষ হয় সকাল ৯টায়।

ভোট স্থগিতের খবর ছড়িয়ে পড়ার পর ক্যাম্পাসে উত্তেজনা সৃষ্টি হয়। এ সময় ছাত্রদল সমর্থিত প্যানেল ‘ট্রাক্যবন্ধ নিভীক জবিয়ান’ এবং ছাত্রশিবির সমর্থিত প্যানেল ‘অদম্য জবিয়ান ট্রাক্য’-এর নেতাকর্মীরা বিশ্বেতে জড়ান।

সকাল সাড়ে ১০টার দিকে জকসু নির্বাচন কমিশন এক বিজ্ঞপ্তিতে নির্বাচন স্থগিতের বিষয়টি আনুষ্ঠানিকভাবে জানায়। বিজ্ঞপ্তিতে বলা হয়, বাংলাদেশের

প্রথম নারী প্রধানমন্ত্রী, গণতন্ত্রের আপোষহীন নেতৃত্ব এবং জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা বেগম খালেদা জিয়া মঙ্গলবার ভোর ৬টায় ইন্টেকাল করেছেন। তাঁর মৃত্যুতে পুরো দেশের মতো জগন্নাথ বিশ্ববিদ্যালয় পরিবারও গভীরভাবে শোকাহত।

বিজ্ঞপ্তিতে আরও বলা হয়, এ প্রেক্ষিতে জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের সর্বোচ্চ নীতি নির্ধারণী সংস্থা সিন্ডিকেট সকালে অনুষ্ঠিত জরুরি সভায় সর্বসম্মতিক্রমে আজকের নির্ধারিত জকসু ও হল সংসদ নির্বাচন ২০২৫ সাময়িকভাবে স্থগিত করার সিদ্ধান্ত নেয়। সিন্ডিকেট কর্তৃক নিয়োগপ্রাপ্ত প্রতিষ্ঠান হিসেবে জকসু নির্বাচন কমিশন এ সিদ্ধান্ত বাস্তবায়নে বাধ্য।

নির্বাচন কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছে, জকসু ও হল সংসদ নির্বাচনের প্রবর্তী তারিখ ও সময়সূচি শিগগিরই জানিয়ে দেওয়া হবে।